গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল।
(এস.এ.শাখা)
www.barisal.gov.bd

স্মারক নং-৩১.১০.০৬০০.১০৮.৬৬.০৩৮.২৬.১৮৯

তারিখ: ১৮ চৈত্র ১৪৩২ / ০১ এপ্রিল ২০২৬

**১৪৩৩ বাংলা সনে বালুমহাল ইজারার জন্য উন্মুক্ত দরপত্র আহবান বিজ্ঞপ্তিঃ**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০” এবং “বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১” মোতাবেক বরিশাল জেলার ইজারাযোগ্য বালুমহাল ০১ বৈশাখ ১৪৩৩ বাংলা সন হতে ৩০ চৈত্র ১৪৩৩ সন পর্যন্ত ইজারা প্রদানের নিমিত্ত দরপত্রে অংশগ্রহণের জন্য প্রথম বা দ্বিতীয় শ্রেণির বালুমহাল ইজারাদার হিসেবে তালিকাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে মুখবন্ধ খামে দরপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী তালিকাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্রের শর্তাবলী অনুসরণে নির্ধারিত বালুমহাল ইজারা সংক্রান্ত দরপত্র ফরমে নিম্নোক্ত তফসিল অনুযায়ী দরপত্র জমা দেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

**দরপত্রের তফসিল**

| আবেদনের পর্যায় | দরপত্র আবেদন ফরম বিক্রয় শুরু ও বিক্রয় শেষের তারিখ ও সময় | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ম পর্যায় | ০৮/০৪/২০২৬ হতে ০৯/০৪/২০২৬ তারিখ (প্রতিদিন সকাল ১০:০০ টা হতে দুপুর ০১: ০০টা পর্যন্ত) | ১২/০৪/২০২৬ (দুপুর ০১:০০টা পর্যন্ত) | ১২/০৪/২০২৬ তারিখ দুপুর ০৩:০০টা |
| ২য় পর্যায় | ১৫/০৪/২০২৬ হতে ১৬/০৪/ ২০২৬ তারিখ (প্রতিদিন সকাল : ১০: টা হতে দুপুর ০১:০০টা পর্যন্ত) | ১৯ /০৪ / ২০২৬ (দুপুর ০১:০০টা পর্যন্ত) | ১৯ /০৪ / ২০২৬ তারিখ দুপুর ৩:০০টা |
| ৩য় পর্যায় | ২২/০৪/২০২৬ হতে ২৩ /০৪/ ২০২৬ তারিখ (প্রতিদিন সকাল : ১০ টা হতে দুপুর ০১:০০টা পর্যন্ত) | ২৬ /০৪/ ২০২৬ (দুপুর ০১:০০টা পর্যন্ত) | ২৬/০৪/২০২৬ দুপুর দুপুর ৩:০০টা |

ক্যালেন্ডারভুক্ত বালুমহালের ইজারা দরপত্র কোন পর্যায়ে অনুমোদিত হলে সে বালুমহালটি পরবর্তী পর্যায়ের জন্য প্রযোজ্য হবে না।

**ইজারাযোগ্য বালুমহালের তালিকা:**

| ক্র:নং | উপজেলার নাম | বালুমহাল/নদীর নাম | মৌজার নাম | দাগ নং | আয়তন (প্রায়) | সরকারি সম্ভাব্য মূল্য (১৪৩৩ বঙ্গাব্দ) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ |
| ০১. | বানারীপাড়া | খেজুরবাড়ী (সন্ধ্যা নদী) | ৪৪ নং খেজুরবাড়ী | ১২৩ | ২.০০ একর | ২১,৩০,৫১৭/- |
| ০২. | | মসজিদ বাড়ী ( সন্ধ্যা নদী ) | ২৬ নং মসজিদ বাড়ী | ১২১ | ৫.০০ একর | ২৭,৯৪,১৮৪/- |

## শর্তাবলী

০১। দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখ ও সময়ে বালুমহাল ইজারা দরপত্র ফরমের জন্য অফেরতযোগ্য ২০০০/-(দুই হাজার) টাকা জমা প্রদানপূর্বক বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল, নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ের রাজস্ব শাখা এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বানারীপাড়া, বরিশাল হতে অফিস চলাকালীন সময়ে দরপত্র ফরম ক্রয় করা যাবে।

০২। মুখবন্ধ খামে দরপত্র আবেদন ফরম ধার্য তারিখ ও সময়ের মধ্যে বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল, নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ের রাজস্ব শাখা এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বানারীপাড়া, বরিশাল এ রক্ষিত কার্যালয়ের দরপত্র বাক্সে দাখিল করা যাবে।

০৩। দরপত্র আবেদন ফরম এর সাথে উদ্ধৃত দরের ২৫% অর্থ জামানত হিসেবে জেলা প্রশাসক, বরিশাল এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে।

০৪। বালুমহাল ইজারাদার হিসেবে তালিকায় অন্তর্ভুক্তি ও অন্তর্ভুক্তির সনদ নবায়ন ব্যতীত কোন ব্যক্তি /প্রতিষ্ঠান বালুমহাল ইজারা প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবে না।

০৫। বালুমহাল ইজারাদার হিসেবে তালিকাভুক্তির সনদপত্রের সত্যায়িত কপি, তালিকাভুক্ত ব্যক্তি / প্রতিষ্ঠান প্রধানের ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দরপত্র আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।

০৬। দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়ে দরদাতাদের সম্মুখে দরপত্র বাক্স খোলা হবে।

০৭। বালুমহালের জন্য দরপত্র আবেদন ফরম মুখবন্ধ খামে দাখিল করতে হবে। দাখিলের পর দরপত্র ফেরত নেওয়ার কোন সুযোগ থাকবে না।

০৮। বালুমহাল ইজারাদার হিসেবে তালিকাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট বিগত সময়ের বা পূর্বের কোন ইজারামূল্য বকেয়া থাকলে তার /তাদের দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৯। দরপত্র আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে দরপত্রদাতার স্বাক্ষর থাকতে হবে। উদ্ধৃত দর অংকে ও কথায় লিখতে হবে। দরপত্র আবেদন ফরমে কোন কাটাছেঁড়া অথবা ঘষামাজা করা যাবে না। দরপত্র আবেদন ফরম ক্রয়ের রশিদ দরপত্র আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

১০। বালুমহাল যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থায় ইজারা প্রদান করা হবে। ইজারা গ্রহীতাকে দরপত্র দাখিলের পূর্বেই সরেজমিন পরিদর্শন করে বালুমহালের বাস্তব অবস্থা সঠিকভাবে জেনে দরপত্র দাখিল করতে হবে।

১১। সর্বোচ্চ দরদাতার দরপত্র গৃহীত হওয়ার পর "বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১" মোতাবেক জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদনের পরপরই সম্পূর্ণ ইজারামূল্য, আয়কর (১০%), ভ্যাট (১৫%) এবং সরকার নির্ধারিত অন্যান্য করাদি পরিশোধের পর পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকা মুল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নির্ধারিত ফরমে ("বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১" এর পরিশিষ্ট 'ক' তে উল্লিখিত উন্মুক্ত স্থান বা ছড়ার মধ্যস্থিত বালুমহাল হইতে বালু উত্তোলনের ইজারা চুক্তি ফরম) ইজারা চুক্তিপত্র সম্পাদনপূর্বক ইজারাগ্রহীতাকে সংশ্লিষ্ট বালুমহালের সরেজমিন দখল বুঝিয়ে দেয়া হবে। সরেজমিন বালুমহালের দখল বুঝিয়ে না দেয়া পর্যন্ত বালুমহাল হতে কোন বালু উত্তোলন করা যাবে না।

১২। ইজারাগ্রহীতা কোন অবস্থাতেই বালুমহালের কোন অংশ বা অংশ বিশেষ কারো নিকট সাব লীজ প্রদান করতে পারবেন না। উক্ত শর্ত ভঙ্গ করলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাবদ প্রদত্ত অর্থ সরকার বরাবরে বাজেয়াপ্ত করা হবে এবং মহালটি পুনরায় ইজারা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। ইজারাগ্রহীতা কোন অবস্থাতেই পরিবেশ বিধ্বংসী পদ্ধতিতে বালু উত্তোলন করতে পারবেন না। পরিবেশ বিধ্বংসী পদ্ধতিতে বালু উত্তোলন করা হলে বা পরিবেশের কোন ক্ষতি করা হলে ইজারা তাৎক্ষনিকভাবে বাতিল বলে গণ্য হবে।

১৪। বালুমহালের ইজারাগ্রহীতা বালুমহাল হতে শুধু বালু উত্তোলন করতে পারবেন এবং বালু ব্যতীত অন্য কিছু উত্তোলন করা যাবে না। বালুমহাল হতে বালু উত্তোলন করে নদীর পাড় বা রাস্তা ভাঙ্গা যাবে না এবং কোন ক্রমেই পরিবেশের ক্ষতি/জনস্বার্থ বিঘ্নিত হয় এমন কোন কাজ করা যাবে না।

১৫। বালুমহাল ইজারা ০১ বৈশাখ ১৪৩৩ হতে ৩০ চৈত্র ১৪৩৩ বাংলা সন পর্যন্ত বলবৎ থাকবে। ৩০ চৈত্র ১৪৩৩ বাংলা তারিখের পর বালুমহালের উপর ইজারাগ্রহীতার কোন স্বত্ব, স্বার্থ থাকবে না এবং মহালটির দখল স্বয়ংক্রিয়ভাবে সরকারের উপর বর্তাবে।

১৬। বৎসরের যে কোন সময়ই ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা ০১ বৈশাখ ১৪৩৩ সন হতে ৩০ চৈত্র ১৪৩৩ বাংলা সন পর্যন্ত কার্যকর বলে গণ্য হবে।

১৭। কোন বালুমহালের উপর মন্ত্রণালয়/বিজ্ঞ আদালত/অন্য কোন কর্তৃপক্ষ কর্তৃক স্থগিতাদেশ/ স্থিতি অবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশ থাকলে স্থাগিতাদেশ/ স্থিতি অবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহারের পর ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

১৮। ইজারা সংক্রান্ত সরকারি বিধিমালা ও সময়ে সময়ে জারিকৃত বিধি বিধানসমূহ ইজারাগ্রহীতা অবশ্যই মেনে চলতে বাধ্য থাকবেন।

১৯। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। নির্ধারিত তারিখের মধ্যে সম্পূর্ণ ইজারার মুল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারাদেশ বাতিলসহ জামানাতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

২০। বালুমহালের ইজারা সম্পর্কিত যাবতীয় তথ্যাবলী অত্র কার্যালয়ের রাজস্ব শাখা/সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা ভূমি অফিস থেকে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

২১। উপরোক্ত শর্তাবলীর যে কোন এক বা একাধিক শর্তের ব্যত্যয় ঘটলে ইজারা বাতিল/ক্ষতিপুরণ আদায়সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২২। সর্বোচ্চ দরদাতা একাধিক হলে লটারীর মাধ্যমে তাদের মধ্য হতে একজনকে নির্বাচিত করে জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ইজারা প্রদান করা হবে।

২৩। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরপত্র আবেদন ফরম সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২৪। কোন দরপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তি পরিবর্তন/পরিবর্ধন/স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০২/০৪/২০২৬

(মোঃ খায়রুল আলম সুমন)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি
বরিশাল
Email-dcbarishal@mopa.gov.bd

স্মারক নং-৩১.১০.০৬০০.১০৮.৬৬.০৩৮.২৬.১৮৯

তারিখ : ১৮ চৈত্র ১৪৩২ / ০১ এপ্রিল ২০২৬

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো:-

০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ সরণি, তেজগাঁও, ঢাকা।

০৪। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।

০৫। পুলিশ সুপার, বরিশাল।

০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

০৭। পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, পাইওনিয়র রোড, সেগুন বাগিচা, ঢাকা।

০৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, বরিশাল।

০৯। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, বরিশাল।

১০। উপ-পরিচালক, নৌ-পরিবহন কর্তৃপক্ষ, বরিশাল।

(০৭–১০: দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে দরপত্র খোলা/যাচাই-বাছাই/মূল্যায়ন সভায় আপনি/মনোনীত উপযুক্ত ...)

১১। উপ-পরিচালক, জেলা তথ্য অফিস, বরিশাল (তাঁকে বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

১২। উপজেলা নির্বাহী অফিসার, বানারীপাড়া, বরিশাল। (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং নির্ধারিত তারিখে তাঁর অফিসে টেন্ডার বাক্স রাখার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত আবেদনপত্র সিলগালা করে ঐ দিন বিকাল ২.০০ ঘটিকার মধ্যে বিশেষ বাহক মারফত এ অফিসে প্রেরণ নিশ্চিত করার জন্যও অনুরোধ করা হলো)।

১৩। প্রশাসক,....................................পৌরসভা, বরিশাল (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

১৪। সহকারী কমিশনার (ভূমি), বানারীপাড়া, বরিশাল (তাঁকে বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

১৫। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল (তাঁকে বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসকের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১৬। সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বরিশাল (তাঁকে দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে দরপত্র খোলা/যাচাই-বাছাই/মূল্যায়ন সংক্রান্ত সভায় উপস্থিতথাকার জন্য অনুরোধ করা হলো)।

১.৪.২৬

রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য-সচিব
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি
বরিশাল।